

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৯৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ মহান আল্লাহ মুসলিম ব্যক্তির জীবনে দুঃখ-কষ্ট ও দুশ্চিন্তার কারণে অনুগ্রহ করে তার পাপসমূহ মোচন করে দেন

ذِكْرُ تَكْفِيرِ اللَّهِ جَلَّ وَعَلَا بِالْهُمُومِ وَالْأَحْزَانِ ذُنُوبَ الْمَرْءِ الْمُسْلِمِ تفضُّلاً مِنْهُ جَلَّ وَعَلَا عليه

আরবী

2894 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا أَبُو عَامِرٍ عَنْ زُهُيْرِ بْنِ مُحَمَّد عَنْ مُحَمَّد بْنِ عَمْرِو بْنِ حَلْحَلَة عَنْ مُحَمَّد بْنِ عَمْرِو بْنِ عَمْرِو بْنِ عَلَاء عَنْ عَطَاء بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَا يُصِيبُ الْمَرْءَ الْمُؤْمِنَ مِنْ نَصَب ولَا وَصَب ولَا هَمِّ ولَا حُرْنِ ولَا غَمٍّ ولَا أَذًى حَتَّى الشَّوْكَةُ يُشَاكُهَا إِلَّا كَفَّر اللَّهُ عَنْهُ بها خطاياه) حَتَّى الشَّوْكَةُ يُشَاكُها إِلَّا كَفَّر اللَّهُ عَنْهُ بها خطاياه) الراوي: أَبُو هُرَيْرَةَ وَأَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ ا المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان المصدد: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1894 خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (2503): ق.

বাংলা

২৮৯৪. আবৃ হুরাইরা ও আবৃ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তারা বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন কোন মুসলিম ব্যক্তির জীবনে ক্লান্তি, রোগ, দুঃখ, কষ্ট, আঘাত, উদ্বেগ-উৎকণ্ঠা, বা কষ্ট আপতিত হয়, এমনকি শরীরে একটি কাঁটা বিদ্ধ হলেও, মহান আল্লাহ এর বদৌলতে তার পাপসমূহ মোচন করে দেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৩৫; সহীহুল বুখারী: ৫৬৪১; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৪২১; তিরমিযী: ৯৬৬; সহীহ মুসলিম: ২৫৭৩; সুনান বাইহাকী: ৩/৩৭৩।



আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৫০৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন